# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর আগস্ট-২০২১খ্রি. মাসের মাসিক (জুম) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আবুল কালাম

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ্।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ।

তারিখ : ২৪/০৮/২০২১ খ্রি. রোজ: মঙ্গলবার

সময় : দুপুর ১১:০০ টা।

## উপস্থিত সদস্যবর্গ : পরিশিষ্ট ”ক”

উপজেলা পরিষদের মাসিক সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা জনাব মোঃ আবুল কালাম সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব সালমা খাতুন কে অনুরোধ জানান এবং তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।

বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে পর্যালোচনা করা হয়। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী সভায় আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা :

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) :<br><br>ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলে (এডিপি) এর অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা যেতে পারে এবং<br>১। UNO মহোদয়ের পুরাতন অফিস কক্ষটি মেরামত ও রং করা প্রয়োজন<br>২। উপজেলা আবাসিক সৈকত কোয়াটারের ২য় তলা পূর্ব পাশের ইউনিটটি মেরামত ও রং করা প্রয়োজন।<br><br>খ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, স্থানীয় সরকার কর্তৃক বাস্তবায়তি UGDP এর ২০২০-২০২১ অর্থ বছররে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নরে প্রস্তাব পাওয়া গিয়েছে।<br>১। হবিরবাড়ী ইউনিয়নের সিডস্টোর বাজারের পানি নিষ্কাশনের সুবিধার্থে বাটাজোর রোড মিতালী সিরাজের বাড়ী হতে লাউতী খাল পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ। প্রাক্কলিত মূল্য : ৩০ লক্ষ.<br>২। রাজৈ জামিরাপাড়া এসএম উচ্চ বিদ্যালয়ের গার্লস ফ্যাসিলিটিজ রুম মেরামত ও নির্মাণ। প্রাক্কলিত মূল্য : ১০ লক্ষ.<br>৩। আঙ্গারগাড়া ইউনাইটেড উচ্চ বিদ্যালয়ের গার্লস ফ্যাসিলিটিজ রুম মেরামত ও নির্মাণ। প্রাক্কলিত মূল্য : ১০ লক্ষ.<br><br>গ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পাবলিক হল দীর্ঘদিন যাবৎ জরার্জীণ অবস্থায় পড়ে আছে যে কোন সময় ধসে পড়ে বড় রকমের দুর্ঘটনা ঘটতে পারে। পাবলিক হল ভাঙ্গার জন্য পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য যথাযথ কতৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা যেতে পারে।<br><br>ঘ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর ৩য় ধাপের অবকাঠামো উন্নয়ন এর অনুমোদিত ০২ টি উপ-প্রকল্প INF-২০১৮-১৯-৩০৬১১৩-০২ ও INF-২০১৮-১৯-৩০৬১১৩-০৩ (বাটাজোড় উচ্চ বিদ্যালয় ও ঝালপাজা উচ্চ বিদ্যালয়ের গার্লস ফ্যাসিলিটি রুম সংস্কার ও নির্মান এবং বহুলী দাখিল মাদ্রাসা ও টুংরাপাড়া কে.জে.এম উচচ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মান) বর্তমানে একই ঠিকাদার কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। ইতি মধ্যে সরজমিন পরিদর্শনকালে দুইটি উপ-প্রকল্পের প্রাক্কলন ও নক্সার মধ্যেই বিশেষ কিছু ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে যা Re-cast এর মাধ্যমে প্রাক্কল পুনঃসশোধন না করলে কাজের | ক) গৃহীত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত পূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত পূর্বক ও আনুসাংগিক কাগজপত্র সহ UGDP এর PMU-তে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ)বিস্তারিত আলোচনান্তে পাবলিক হল ভাঙ্গার পরবর্তী কার্যক্রমের জন্য পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ)এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে প্রকল্প কাজের গুনগত মান সঠিক রাখার স্বার্থে উপ-প্রকল্প দুটির অনুমোদিত বরাদ্দের সমন্বয়ে প্রাক্কলনসমূহ Re-cast করে এবং প্রকল্পসমূহের কাজ দ্রুত সমাপ্ত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে যথাযথ নির্দেশনা প্রদান করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভালুকা,<br><br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা,<br><br>উপজেলা প্রকৌশলী (LGED)ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| | গুনগত মান সন্তোষজনক হবে না। তাই কাজের গুনগতমান অক্ষুন্ন রাখার স্বার্থে ০২টি উপ-প্রকল্পের অনুমোদিত বরাদ্দের সমন্বয়ে উপ-প্রকল্প সমূহ Re-cast করা অত্যাবশ্যক। | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ :<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ভালুকায় করোনা (কোভিড-১৯) টিকা পরবর্তী কোনো জটিলতার সৃষ্টি হয় নাই এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা (কভিড-১৯) কালে সেবা প্রদানকারীকে সতর্কতার সাথে সেবা প্রদান পূর্বক সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা |
| ০৩ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে গত এ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে। সক্ষম দম্পত্তি = ৯১১৭৩ টি, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহিতা = ৭২০৩৮ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার (CAR) = ৭৯.০১%, (CAR বৃদ্ধি পেয়েছে =০.৩৩%), স্থায়ী পদ্ধতি = ০৮জন, আইইউডি = ৫৬জন, ইমপ্ল্যান্ট = ০৭ জন, ইনজেকটেবল = ৯৩৩৪ জন, খাবার বড়ি = ৪৫৪০৪, কনডম = ৫৬৭২ জন, মোট গর্ভবতীর সংখ্যা = ২৮৬৬ জন, গর্ভকালীন সেবার তথ্য = ৭২৩ জন, প্রসব সেবার তথ্য = ৩০৫ জন, নরমাল ডেলিভারি সেবা = ০৬ জন, মোট জীবিত জন্ম = ২৬৬ জন, প্রসবোত্তর সেবার তথ্য ৪৯৩ জন, কিশোর কিশোরীর সেবা ২৭২৫ জন, পাঁচ বছর পর্যন্ত শিশুর সেবা = ৬৬৬৩ জন, পুষ্টি সেবা = ২০০২ জন, সাধারণ রোগীর সেবা = ৪২৮৭ জন, সম্পাদিত স্যাটেলাইটের সংখ্যা = ৪৭ জন, কৈশোর বান্ধব প্রদত্ত সেবা = ১০৫ জন, কমিউনিটি ক্লিনিকের প্রদত্ত সেবা = ১৩৭১ জন, সিএসবিএদের প্রদত্ত সেবা = ৯১৬ জন। | বিস্তারিত আলোচনান্তে করোনা (কভিড-১৯) কালে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি ব্যবহার সম্পর্কে জনসচেতনতা ও গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করা এবং সেবা গ্রহণকারীদের কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ :<br><br>উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান যে, এ মাসের কার্যক্রম সমুহ নিম্নোছক মোতাবেক উপস্থাপন করা হইল।<br>১. রাজস্ব খাতের আওতায় রোপা আমন প্রদর্শনী ৩০টি, রোপা আমন ফলোআপ ১৭৫টি।<br>২. অনাবাদি পতিত জমি ও বসতবাড়ী আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প পুষ্টি বাগান ২১টি।<br>৩. তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প রোপা আমন প্রদর্শনী ১৬টি<br>৪. আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, ৫.সংরক্ষণ ও বিতরণ প্রকল্প রোপা আমন ধান প্রদর্শনী ১০টি<br>৫. বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প রোপা আমন প্রদর্শনী ৫ টি, মরিচ প্রদর্শনী ১ টি, একক ফল বাগান ১ টি, বসত বাড়ীতে সবজি বাগান ৪ টি।<br>৬. কৃষি প্রণোদনা কর্মসূচি রোপা আমন ধান ৬৬০টি। অত্র উপজেলায় ৩৪৭ মে.টন ইউরিয়া সার বরাদ্দ পাওয়া গিয়েছে এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) বিস্তারিত আলোচনান্তে দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য নিয়মিত চাষিদের কৃষি খামার পরিদর্শন সহ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ভালুকা |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br><br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, এ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।<br>ক) গবাদি প্রাণির টিকা প্রদান = ৬৯৬ টি<br>খ) হাঁস মুরগীর টিকা প্রদান = ১৬০০০ টি<br>গ)গবাদিপশুর চিকিৎসা = ২৩৬৫ টি<br>ঘ) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান = ২৩,৪০০ টি<br>ঙ) গাভীর প্রজনন = ১৫৮ টি,<br>চ) গাভীর বাচ্চা জন্ম = ৮৩ টি<br>২) কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আয় ৪,৭৪০/-, হাঁস-মুরগীর টিকা বিক্রি রাজস্ব আয় ৪,২৬০/-, মোট আয় রাজস্ব আয় = ৯,০০০/- | বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রাণিসম্পদ সম্পদ আইন মোতাবেক প্রাণি খাদ্যের মান, চাষিদের খামার পরিদর্শন সহ প্রাণি সম্পদ বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| | ৩) দুধ উৎপাদন .০৩৮০০ মে:টন, মাংস উৎপাদন .০২৫৩০মে:টন, ডিম উৎপাদন .৫৯০৯ কোটি। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পে আওতায় ৩ টি ইউনিয়নে ৩টি ফ্রি ভ্যাকসিনেশন ক্যাম্পেইন এবং ৩টি ফ্রি ডিওয়ামিং ক্যাম্পেইন করা হয়েছে, গবাদি পশুর কৃত্রিম প্রজনন, গবাদি পশু, হাঁস মুরগী, পোষা প্রাণী পালন বিষয়ে সাধারণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৬ | <u>উপজেলা মৎস্য বিভাগ :</u><br><br>উপজেলা মৎস্য  কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে মোট ১৫ জন মৎস্য চাষীকে বভিন্নি বষিয়ে মৎস্য পরার্মশ প্রদান করা হয়ছে এবং রাজৈ ইউনয়িনরে মনা পাথারে বিলে বিল নার্সারী বাস্তবায়ন কার্যক্রমের আওতায় বাহাত্তুর হাজার টি রুই জাতীয় মাছরে পোনা অবমুক্ত করা হয়ছে।  এছাড়াও দপ্তররে অন্যান্য সকল  কার্যক্রম স্বাভাবকিভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মৎস্য সম্পদ আইন মোতাবেক মৎস্য খাদ্যের মান, মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা, মৎস্য চাষিদের খামার পরিদর্শন সহ মৎস্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভালুকা |
| ০৭ | <u>উপজেলা মাধ্যমিক  শিক্ষা বিভাগ :</u><br><br>ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এ মাসে নিম্নোক্ত কাজগুলি চলমান রয়েছে।<br>১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক শিক্ষক-কর্মচারীদের অন লাইনে এমপিও প্রেরণ।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক করোনা কালীন সময়ে সংসদ টিভি এবং শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব উদ্যোগে অন লাইনের মাধ্যমে ক্লাস গ্রহনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানকে উদ্বুদ্ধকরণ ।<br>৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর নির্দেশনা মোতাবেক কোভিড-১৯ পরিস্থিতে ২০২১ শিক্ষাবর্ষের পুণঃর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট ও মূল্যায়নের বিষয়টি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিতকরণ।<br>৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপনের তথ্যাদি উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।<br>৫। সমন্বিত উপবৃত্তি প্রকল্পের আওতায় প্রতিষ্ঠান প্রধান এবং প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের সভাপতি/সদস্যের প্রশিক্ষণের নিমিত্ত প্রকল্প দপ্তরে তথ্য প্রেরণ।<br>৬। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান সংক্রান্ত তথ্য ফরম বিতরণ এবং প্রতিষ্ঠান প্রধান ও আইসিটি শিক্ষকদের নিয়ে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণের প্রস্তুতি গ্রহন।<br>৭। করোনাকালীন সময়ে উপজেলা পরিষদের সাথে সমন্বয় রেখে উপজেলা প্রশাসনের নির্দেশে ৭ নং মল্লিকবাড়ী ইউনিয়নে ট্যাগ অফিসারের হিসেবে দায়িত্ব পালন চলমান।<br>৮। উপজেলা পরিষদ, জেলা শিক্ষা অফিস, উপ-পরিচালকসহ উর্দ্ধতন কর্তৃপক্ষের চলমান কার্যাদি সম্পাদন।<br>এছাড়াও দপ্তরের অন্যান্য সকল  কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা |
| ০৮ | <u>উপজেলা  প্রাথমিক শিক্ষা বিভাগ :</u><br><br>উপজেলা  প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,<br>১। প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকদের বেতন ইএফটি এর মাধ্যমে শতভাগ প্রদান করা হচ্ছে।<br>২। উপবৃত্তি পূর্বে শিউর ক্যাশের মাধ্যমে দেয়া হত কিন্তু এখন নগদের মাধ্যমে দেওয়া হচ্ছে এ কাজে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।<br>৩। অনলাইনে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান আছে।<br>৪। বিদ্যালয়ের নতুন এসএমসি গঠন কার্যক্রম মাঠ পর্যায়ে চলমান রয়েছে এছাড়াও দপ্তরের অন্যান্য সকল  কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | <u>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u><br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী ও উপজেলা পরিষদেও ১ম, ২য়, ৩য় পর্যায় সকল প্রকল্পের কাজ সমপন্ন হয়েছে।<br>০২। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় নির্বাচনী ও উপজেলা পরিষদের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায় সকল প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।<br>০৩। মানবিক সহায়তা কর্মসূচির আওতায় দু:স্থ, অস্বচ্ছল ব্যক্তি/পরিবার ও কোভিড-১৯ এর কারণে লকডাউন চলমান থাকায় কর্মহীন ব্যক্তিদের মাঝে ত্রাণকার্য বিতরণ চলমান আছে।<br>০৪। মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ৩৩৩ ফোন কলে আবেদনকৃত ব্যক্তিদের মাঝে যাচাই এর ভিত্তিতে ত্রাণকার্য বিতরণ চলমান আছে।<br>০৫। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ২য় পর্যায় এর কাজ সমাপ্ত হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে টি.আর / কাবিটার গৃহীত প্রকল্পের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভালুকা |
| ১০ | <u>উপজেলা খাদ্য বিভাগ :</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য শষ্য (চাল) ক্রয়, অন্য গুদাম হতে চাল সংগ্রহ, বিভিন্ন খাতে চাল / গম বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে খাদ্য শষ্য ক্রয়ে স্বচ্ছতা এবং নিয়মিত সকল তথ্য উপাত্ত পরিষদকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা |
| ১১ | <u>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা :</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১। ভিজিডি খাদ্যশস্য বতিরন সংক্রান্তঃ নতুন র্অথ বছররে বরাদ্দ না থাকায় পরর্বতী মাসে বরাদ্দ পাওয়া সাপেক্ষে জুলাই/২১-আগস্ট/২১খ্রি. মাসের ভিজিডির ডিও পৃথকভাবে দেওয়া হবে।<br>২। (IGA) প্রশক্ষিণ ও কিশোর কিশোরী ক্লাব সংক্রান্তঃ COVID-19 এর কারণে উল্লখিতি দুইটি কার্যক্রম বন্ধ।<br>৩। দিবস উদযাপন সংক্রান্তঃ ৮আগস্ট/২১খ্রি. বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিব এঁর ৯১তম জন্ম বার্ষিকী উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়র্পূবক সরকারি নির্দেশনা মোতাবেক পালন করা হবে।<br>৪। ভাতা ও অন্যান্য র্কাযক্রমঃ দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবলি র্কমসূচরি আওতায় জুলাই/২০-জুন/২১খ্রি. ১বছরের ভাতা স্ব-স্ব ভাতাভোগীর হিসাব নম্বরে অনলাইনে প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরকি কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ করোনা কালীন সময়ে প্রশিক্ষণ গ্রহণকারীরা স্বাবলম্বী হতে পারে তার জন্য সকল প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং সকল ভাতা ভোগী যাতে কোন ধরণের হয়রানি না হয় তার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। ভালুকা |
| ১২ | <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) :</u><br><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে বিআরডিবি সমিতি পর্যায়ে ঋণদান কর্মসূচী ছাড়াও বিভিন্ন সেবা মূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। ঋণ বিতরণের সময় সমিতির সদস্যদের সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, মাদকের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা তাছাড়া বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয় এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে এ বিভাগের প্রতিটি ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভালুকা। |
| ১৩ | <u>উপজেলা সমাজসেবা দপ্তর :</u><br><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে ১৮৯৮৫জন ভাতাভোগী নগদ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা গ্রহণ করছে। এ নতুন প্রক্রিয়ায় সেবা গ্রহণে কোন প্রকার জটিলতা হলে স্থানীয় উপজেলা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগের অনুরোধ থাকলো। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগীতায় ভাতা ভোগীদের সুবিধার্থে ইউনিয়ন পর্যায়ে উপজেলার সমাজসেবা টিম সার্বক্ষণিক কার্যক্রম অব্যাহত রেখেছে। মৃত ভাতা ভোগী প্রতিস্থাপনের ক্ষেত্রে আবশ্যই ইউনিয়ন পরিষদের নিজস্ব প্যাডে চেয়ারম্যান সাহেবের স্বাক্ষর সম্বলিত তালিকা এ দপ্তরে প্রেরণ করতে হবে যা পরবর্তীতে উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সভার মাধ্যমে চুড়ান্ত করা হবে। উপজেলা সমাজ সেবা দপ্তরের সকল কাজে সার্বিক সহযোগীতা ও দিক নির্দেশনার জন্য এ সভার সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক ডাটা এন্টি ও ভাতা ভোগীদের ভাতাকার্ড বিতরণ এবং প্রতিবন্ধী ও অটিজম ব্যক্তি/শিশুদের সরকারী সকল সুযোগ সুবিধা দ্রুত সময়ের মধ্যে প্রদান করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভালুকা |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন : সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা সভায় জানান যে, ভালুকা উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আওতায় নতুন রোগীর সংখ্যা ২১জন, সর্বমোট রোগীর সংখ্যা ৭১৬৯ জন, প্রতিদিন আগত রোগীর সংখ্যা ৩৫/৪০জন, চক্রাকারে রোগীর সংখ্যা ৩২৪জন, চক্রাকারে সর্বমোট রোগীর সংখ্যা = ১০৪৭৩১ জন। ১৫ আগস্ট ২০২১ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদত বার্ষিকিতে জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। প্রতিবন্ধী ও অটিজম শিশুদের মাঝে বিনামূল্যে ফিজিওথেরাপী, স্পীচ ও ল্যাংগুয়েজ থেরাপী এবং অকুপেশনাল থেরাপী নিয়মিত প্রদান করা হয় এছাড়াও অটিজম শিশুদের জন্য টয়লাইব্রেরী চালু করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক বিনামূল্যে প্রতিবন্ধী ও অটিজম ব্যক্তি/শিশুদের চিকিৎসা প্রদানের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা, ময়মনসিংহ |
| ১৫ | উপজেলা সমবায় বিভাগ :<br><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,<br>০১। কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যাঃ- ০৪টি,(বিভাগীয়- ০২টি ও বিআরডিবি ২ টি।<br>০২। ২০১৯-২০খ্রি. সনে অডিটযোগ্য প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ২৭০টি।<br>০৩।২০২০-২১খ্রি.সনে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ২২টি। মোট = ২৯২টি। অডিট ফি, ভ্যাট ও সিডিএফ এর অর্থ আদায় পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।<br>০৪। আশ্রয়ন প্রকল্পের তথ্যঃ<br>ক.হাতীবেড় আশ্রয়ন প্রকল্প : ব্যারাক সংখ্যা ১৪টি,পূণর্বাসিত পরিবারের সংখা ১৪০টি<br>খ.ধুলিকুড়ি আশ্রয়ন প্রকল্প : ব্যারাক সংখ্যা ০২টি, পূণর্বাসিত পরিবারের সংখা ২০টি<br>গ. বনগাঁও আশ্রয়ণ প্রকল্প : ব্যারাক সংখ্যা ০৬টি, পূণর্বাসিত পরিবারের সংখা ৬০টি | বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কর্যক্রম সার্বক্ষণিক মনিটর এবং কোভিড-১৯ করোনা সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা সমবায় অফিসার, ভালুকা |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) সভায় জানান যে,<br>০১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প : উক্ত প্রকল্পের আওতায় ২০১৯-২০২০খ্রিঃ অর্থ বছওে ২৮৬টি(ইউনিয়ন প্রতি ২৬টি করে) সাবমারসেবল পাম্পযুক্ত অগভীর নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়েছিল যার মধ্যে ২১০টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং বাকী কাজ চলমান।এছাড়াও ২০২০-২০২১খ্রিঃ অর্থ বছরেও ২৮৬টি (১৪৩টি সাবমারসেবল পাম্পযুক্ত অগভীর নলকূপ এবং ১৪৩টি হ্যান্ড পাম্পযুক্ত তারা অগভীর নলকূপ) নলকূপ স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ১০টি সাবমারসেবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং বাকী কাজ চলমান।<br>০২। প্রাথমিক বিদ্যালয়ে নিরাপদ পানি সরবরাহ ও উন্নত স্যানিটেশন ব্যবস্থা : PEDP-4 প্রকল্পের আওতায় ২৫টি বিদ্যালয়ে ভবনের সাথে দোতলা Attached Wash Block নির্মাণ কাজের বরাদ্দ পাওয়া গিয়েছে যার মধ্যে ০৫টির কাজ সমাপ্ত এবং বাকী কাজ চলমান।<br>এছাড়াও GPS/NNGPS প্রকল্পের আওতায় ০৫টি বিদ্যালয়ে Isolated Wash Block নির্মাণ কাজের বরাদ্দ পাওয়া গিয়াছে যার মাস্টর প্ল্যান প্রণয়ণ পূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।<br>০৩। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প : উক্ত প্রকল্পের আওতায় ২০২০-২০২১খ্রিঃ অর্থ বছরে ১৮টি ০৬নং হ্যান্ড পাম্পযুক্ত তারা অগভীর নলক,প এবং ০৫টি সাবমারসেবল পাম্পযুক্ত গভীর নলক,প স্থাপন কাজের বরাদ্দ পাওয়া গিয়েছিল যার বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং প্লাটফর্ম নির্মাণ কাজ চলমান।<br>০৪। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে অগ্রাধিকার ভিত্তিতে পানির উৎস/নলকূপ স্থাপন : ভালুকা উপজেলায় ১ম ধাপে ২২টি স্পটে নির্মিত ১৯৯টি ঘরের জন্য ২৪টি ০৬নং হ্যান্ড পাম্পযুক্ত তারা অগভীর নলক,প বরাদ্দ পাওয়া গিয়েছিল যার মধ্যে ২০টির বোরিং | বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত নলক,প স্থাপনকালে নিয়মিত মনিটরিং এর মাধ্যমে চলমান প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় | উপ-সহকারী / সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভালুকা |

<table>
<tr><td></td><td>কাজ সমাপ্ত হয়েছে এবং বাকী কাজ চলমান। এছাড়াও ২য় ধাপে ০৫টি স্পটে নির্মিত ৮০টি ঘরের জন্য ০৯টি তারা অগভীর নলকূপ বরাদ্দের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিদা প্রেরণ করা হয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৭</td><td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ :</u><br><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে কোভিড-১৯ এর কারণে এ দপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবকের মধ্যে যুব ঋণ বিতরণ করা ও প্রশিক্ষণ প্রদান করা হয়নি । ০৮ (আট) জন বেকার যুবকে গবাদি পশুপালন বিষয়ক প্রশিক্ষণের জন্য শিকারী কান্দা যুব প্রশিক্ষণ কেন্দ্র ময়মনসিংহে প্রেরণ করা হয়েছে কিন্তু কোভিড-১৯ এর কারণে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের জন্য পরামর্শ প্রদান করা হয়</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভালুকা</td></tr>
<tr><td>১৮</td><td><u>উপজেলা পরিসংখ্যান বিভাগ :</u><br><br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, এ মাসে সম্পাদিত কর্যক্রম সমূহ<br>১। কৃষি পরিসংখ্যান বিষয়ক ০৬টি স্থায়ী ও ০৩টি অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ ও প্রতিবেদন তৈরি।<br>২। আউশ ও পাট ফসলের পূর্বাভাস জরিপ তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরি।<br>৩। মৎস্য উৎপাদন জরিপ তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরি।<br>৪। মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরি।<br>৫। গবাদি পশু ও হাঁস মুরগীর প্রাক্কলন তথ্য সংগ্রহ ও প্রতিবেদন তৈরি। এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক এ ধারা অব্যাহত রাখার জন্য তাঁকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভালুকা।</td></tr>
<tr><td>১৯</td><td><u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :</u><br><br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে, এ মাসে ঋণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে।<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ . . . লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ . . . লক্ষ, উদ্যোক্তা ঋণ . . . লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ . . . লক্ষ, মোট . . . লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় : ক্ষুদ্র ঋণ ৩.৯৯ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ২.৬৫ লক্ষ, উদ্যোক্তা ঋণ ১৫.৭৯ লক্ষ, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ১.৬১ লক্ষ, মোট ২৪.০৪ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ১০০%, নারী উদ্যোক্তা ঋণ ১০০%, উদ্যোক্তা ঋণ ১০০%, প্রান্তিক কৃষক প্রকল্প ঋণ ১০০%, গড় ১০০% এবং সকল ধরনের সঞ্চয় আদায় = ৫.২৫ লক্ষ, সঞ্চয় ফেরত = ২.৩২ লক্ষ টাকা মাত্র। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং করোনা কালীন সময়ে সরকার নির্ধারিত বিধি মোতাবেক কাজ করার নির্দেশ প্রদান করা হয়।</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা</td></tr>
<tr><td>২০</td><td><u>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পল্লী জীবিকায়ন প্রকল্প) :</u><br>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ্র) সভায় জানান যে, পল্লী জীবিকায়ন কর্মসূচি কার্যক্রম ও মাসিক অগ্রগতি স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। পজীপ্র এর সকল মহিলা বিত্তহীন সমবায় সমিতি হতে শেয়ার সঞ্চয় আদায় , চলতি ঋণ কার্যক্রম থেকে ঋণ আদায়, সমবায়ীদের মধ্যে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের সকল তথ্য উপাত্ত পরিষদকে নিয়মিত অবহিত করার পরামর্শ প্রদান করা হয়</td><td>প্রকল্প কর্মকর্তা, প্রজীপ, ভালুকা</td></tr>
<tr><td>২১</td><td><u>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ :</u><br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি) এর কার্যপত্র পাওয়া যায়নি।</td><td></td><td></td></tr>
<tr><td>২২</td><td><u>আমার বাড়ী আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক :</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, অত্র উপজেলায় মোট সমিতির সংখ্যা = ৩৫৫টি, মোট সদস্য সংখ্যা= ১৭৮৯৭ জন। এ মাসের ঋণ বিতরণ এবং ঋণ আদায় কার্যক্রম নিম্নরুপ<br><table><tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>লক্ষ মাত্রা (লক্ষ টাকায়)</th><th>অর্জন (লক্ষ টাকায়)</th><th>অর্জনের হার</th></tr><tr><td>০১</td><td>সঞ্চয় আদায়</td><td>-</td><td>২.৯৬</td><td>-</td></tr><tr><td>০২</td><td>ঋণ বিতরণ</td><td>১৬৫.১৬</td><td>৪৩.৫৫</td><td>২৭%</td></tr><tr><td>০৩</td><td>ঋণ আদায়</td><td>১৬৫.১৬</td><td>২৮.৭৬</td><td>১৬%</td></tr></table>এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমন্বয়কারীকে ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা সমন্বয়কারী, আবাআখা. ভালুকা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২৩ | ইসলামিক ফাউন্ডেশন : ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, ভালুকা উপজেলার সকল ইউনিয়নে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রমের ১৭৪ টি কেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক কেন্দ্র ৭৪টি, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ৯৯টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ১টি এছাড়াও একটি মডেল রিসোর্স সেন্টার ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার ও ২টি দারুল আরকাম এবতেদায়ী মাদ্রাসা রয়েছে এবং এই সকল প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষা কার্যক্রম কোভিড-১৯ এর কারণে বন্ধ আছে। | বিস্তারিত আলোচনান্তে করোনা কালীন সময়ে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা |
| ২৪ | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও করোনা (কোভিড-১৯) ভাইরাস হতে সচেতন থেকে দপ্তর প্রধানগণ তাদের কার্যক্রম ভালো ভাবে পরিচালনা করছেন এ জন্য তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানান এবং সকলকে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রাখতে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে সকল দপ্তরের সমন্বয়ে উন্নত ভালুকা গড়ার প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা। |
| ২৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, করোনা (কোভিড-১৯) ভাইরাস হতে সচেতন থেকে ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা উন্নয়ন তহবিল এর আওতায় গৃহীত প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত পূর্বক দুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পগুলি দুত বাস্তবায়নের জন্য সকলের সহযোগীতা কামান করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা। |

বিবিধ আলোচনা না থাকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন। পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪।৮।২১

(মো: আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ

স্মারক নং : উনিঅ/ভালুকা/উ:জে:মা:সভা/২০২১- ৫৭৭ তারিখ : ২৪/০৮/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব কাজিম উদ্দিন আহম্মেদ, সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৬-ময়মনসিংহ-১১, ভালুকা

২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।

৩। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।

৪। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।

৭। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . .অফিসার, ভালুকা, ময়মনসিংহ ।

৮। চেয়ারম্যান . . . . . . . . . . . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ (সকল),ভালুকা,ময়মনসিংহ ।

৯। জনাব/বেগম. . . . . . . . . . . . . . . . . . . . . .

24.8.2021

(সালমা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ।